গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রংপুর বিভাগ, রংপুর
রাজস্ব শাখা
www.rangpurdiv.gov.bd

**বিষয়: জুন/২০২৬ মাসে অনুষ্ঠিত রংপুর বিভাগীয় নদী রক্ষা কমিটির সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ শহিদুল ইসলাম এনডিসি<br>বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | : | ২৩ জুন, ২০২৬ খ্রি: |
| সভার সময় | : | বেলা-৩.০০ টা। |
| স্থান | : | সভাকক্ষ, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভাপতি সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব)-কে অনুরোধ জানালে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) বিগত সভার সিদ্ধান্ত পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধন বা সংযোজন/বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হয়। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র:নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | অবৈধ স্থাপনা ও দখলদার উচ্ছেদ | সি.এস রেকর্ড অনুযায়ী ডিমার্কেশন করে নদীর অবৈধ স্থাপনা ও দখলদার উচ্ছেদ সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়। সি.এস রেকর্ড অনুযায়ী সকল নদীর তীরবর্তী অবৈধ দখলদারদের হালনাগাদ তালিকা প্রস্তুতপূর্বক অবৈধ দখলদার উচ্ছেদ অব্যাহত রাখার বিষয়ে এবং উচ্ছেদের নিমিত্ত নোটিশ জারি করা হলে তা নজরদারি করার নির্দেশনা প্রদান করা হয়। | ক) সি.এস রেকর্ড অনুযায়ী ডিমার্কেশন করে নদীর অবৈধ দখলদারদের তালিকা প্রস্তুতপূর্বক দখলদার উচ্ছেদের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ) দখলদার উচ্ছেদের নিমিত্ত নোটিশ জারি করা হলে তা নজরদারি করতে হবে। | ক-খ) জেলা প্রশাসক (সকল), রংপুর বিভাগ ও পানি উন্নয়ন বোর্ড, রংপুর। |
| | | রংপুর জেলার সদর উপজেলার 'আলাইকুড়ি' নদী দখলকারী ২৭ জন অবৈধ দখলদারের তালিকা প্রস্তুত হয়েছে এবং বদরগঞ্জ উপজেলার 'খটখটিয়া' নদীতে বিদ্যমান অবৈধ দখলদার উচ্ছেদের নিমিত্ত ব্যক্তি নামীয় আর.এস রেকর্ড সংশোধন করে ১নং খাস খতিয়ানে আনয়নের জন্য বিজ্ঞ যুগ্ম জেলা জজ আদালত-২ এ মামলা রুজু হয়েছে এবং আগামী ২২/০৬/২০২৬ তারিখ সমন AD ফেরতের জন্য দিন ধার্য আছে মর্মে জেলা প্রশাসক, রংপুর জানান। রংপুর জেলার সদর উপজেলার আলাইকুড়ি' এবং বদরগঞ্জের 'খটখটিয়া' নদীতে বিদ্যমান অবৈধ দখলদার উচ্ছেদের কার্যক্রম অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | গ) সদর উপজেলার 'আলাইকুড়ি' এবং বদরগঞ্জের 'খটখটিয়া' নদীতে বিদ্যমান অবৈধ দখলদার উচ্ছেদ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | গ) জেলা প্রশাসক, রংপুর। |
| | | নীলফামারী জেলার ডিমলা উপজেলার 'কুমলাই' নদীর অবৈধ দখলদারদের বিষয়ে জেলা প্রশাসক, নীলফামারী জানান যে, **ডিমলা উপজেলার 'কুমলাই' নদীর অবৈধ দখলদার উচ্ছেদের নিমিত্ত পানি উন্নয়ন বোর্ড, ডালিয়া কর্তৃক বরাদ্দ পাওয়া গেছে। অবৈধ দখলদারগণ বিজ্ঞ জেলা জজ আদালতে উচ্ছেদের বিরুদ্ধে একটি মামলা দায়ের** | ঘ) আদালতের আদেশ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | ঘ) জেলা প্রশাসক, নীলফামারী। |

CamScanner

| ক্র:নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | করেছেন। গত ২৯ জানুয়ারি ২০২৬ তারিখে আদালত অস্থায়ী নিষেধাজ্ঞা জারি করেছেন। আদালতের আদেশ সাপেক্ষে কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। | | |
| | | জেলা প্রশাসক, রংপুর জানান রংপুর জেলার সদর উপজেলাধীন শ্যামাসুন্দরী খাল পুন:খনন, দূষণ রোধ ও বনায়ন কাজ শীর্ষক প্রকল্পের আওতায় খালের দূষণ রোধ বাস্তবায়নের নিমিত্ত গত ১৬/০২/২০২৬ তারিখে প্যাকেজ নং-RANG/CCCTF-W-02 (Tender ID:1189425) এর ঠিকাদার মেসার্স শাম্মী বিল্ডার্স, জুম্মাপাড়া, রংপুর কর্তৃক শ্যামাসুন্দরী খালের আউটফলের নেটিং স্থাপনের কাজ চলমান রয়েছে। কাজের ভৌত অগ্রগতি ২৫%। শ্যামাসুন্দরী খালের সাথে সংযুক্ত ড্রেনসমূহের আউটফলের নেটিং স্থাপনের কাজ চলমান রয়েছে। | ঙ) শ্যামাসুন্দরী খালের পুন:ভরাট রোধ এবং পুন:খনন কাজ ফলপ্রসূ করার লক্ষ্যে ড্রেনের মুখে নেটিং চেম্বার স্থাপন যথাযথভাবে বাস্তবায়ন ত্বরান্বিত করতে হবে। | ঙ) জেলা প্রশাসক, রংপুর; প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন, রংপুর। |
| | | লালমনিরহাট জেলার আদিতমারী উপজেলার দূর্গাপুর ইউনিয়নের পূর্বদীঘলটারী নামক স্থানে দলাইলামা ছড়াটি রক্ষার্থে "দলাইলামা ছড়াটির তীর প্রতিরক্ষা এবং ওয়াকওয়ে নির্মাণ" শীর্ষক প্রস্তাবিত প্রকল্পের ডিপিপি প্রণয়নের জন্য অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা), মহোদয়ের দপ্তর স্মারক নং-৪২.০১.০০০০.০০০.০৩৩.৭১.০০০১.২৫.৯৬, তারিখ: ১০/০২/২০২৬ মোতাবেক কারিগরি কমিটি গঠিত হয়েছে। কারিগরি কমিটির প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে ডিপিপি প্রণয়ন করা হবে। জেলা নদী রক্ষা কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক ছড়াটির স্লোপ ও ওয়াকওয়ে নির্মাণ কাজ লালমনিরহাট পানি উন্নয়ন বিভাগ, পুন:খনন কাজ বরেন্দ্র বহুমুখী কর্তৃপক্ষ, লালমনিরহাট এবং ব্রিজ নির্মাণ কাজ স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর, লালমনিরহাট কর্তৃক বাস্তবায়নে ডিপিপি প্রণয়নের কাজ প্রক্রিয়াধীন রয়েছে মর্মে জেলা প্রশাসক, লালমনিরহাট সভাকে অবহিত করেন। | চ) লালমনিরহাট জেলার আদিতমারী উপজেলায় অবস্থিত ধরলা নদীর একটি পরিত্যক্ত শাখা দলাইলামা ছড়ার স্লোপ ও ওয়াকওয়ে বাস্তবায়নের লক্ষ্যে ডিপিপি প্রণয়ন যাতে দ্রুত কার্যকর হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | চ) জেলা প্রশাসক, লালমনিরহাট ও নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, রংপুর। |
| | | জেলা প্রশাসক, কুড়িগ্রাম জানান, কুড়িগ্রাম জেলার রাজারহাট একটি শাখা নদীতে বাঁধ অপসারণ করে প্রবাহমান করা হয়েছে এবং ধরলা নদীর টি বাঁধে দৃষ্টিনন্দন পার্ক ও টাইলসের কাজ ও সোনালু, জারুল, কৃষ্ণচূড়া বৃক্ষ রোপন করা হয়েছে। সভাপতি এ বিষয়ে জেলা প্রশাসক, কুড়িগ্রাম-কে ধন্যবাদ জ্ঞাপন করেন। | | |
| | | জেলা প্রশাসক, পঞ্চগড় জানান যে, পঞ্চগড় জেলার তেঁতুলিয়া উপজেলার ডাহুক নদীতে সীমানা নির্ধারণের কার্যক্রম চলমান রয়েছে। | ছ) পঞ্চগড় জেলার তেঁতুলিয়া উপজেলাধীন ডাহুক নদীর সীমানা নির্ধারণপূর্বক সীমানা পিলার স্থাপনের কার্যক্রম গ্রহণ করতে হবে। | ছ) জেলা প্রশাসক, পঞ্চগড় ও নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, রংপুর। |

CamScanner

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০২ | নদী দূষণ বন্ধকরণ | সিটি কর্পোরেশন এর বর্জ্য ব্যবস্থাপনা এবং বিভিন্ন পৌরসভার ময়লা খালে ফেলে খাল ভরাট করা যাবে না মর্মে নির্দেশনা প্রদান করা হয় এবং খালের পানি নদীতে যেতে কোন প্রতিবন্ধকতা যেন সৃষ্টি না হয়, সেদিকে সজাগ দৃষ্টি রাখার ব্যাপারে আলোচনা করা হয়। নদী দূষণ বন্ধে ময়লা ব্যবস্থাপনা নিয়ে পাইলটিং প্রকল্প গ্রহণ করার বিষয়ে আলোচনা করা হয়। | ক) খাল বা নদীর পানি দূষণ বন্ধে সিটি কর্পোরেশন এবং পৌরসভার ময়লা নির্দিষ্ট স্থানে ফেলতে হবে।<br><br>খ) নদী দূষণ বন্ধে ময়লা ব্যবস্থাপনা নিয়ে পাইলটিং প্রকল্প গ্রহণ করতে হবে। | ক-খ) জেলা প্রশাসক (সকল), রংপুর বিভাগ, রংপুর;<br>প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন, রংপুর;<br>প্রশাসক, পৌরসভা(সকল), রংপুর বিভাগ;<br>পরিচালক, পরিবেশ অধিদপ্তর, রংপুর;<br>নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, রংপুর ও<br>সভাপতি, রংপুর প্রেসক্লাব। |
| ০৩ | নদীর স্বাভাবিক প্রবাহ পুনরুদ্ধার | নদীর জমি ব্যক্তির নামে রেকর্ড হয়ে থাকলে রেকর্ড সংশোধনের ব্যবস্থা গ্রহণ নিয়ে সভায় আলোচনা করা হয়। প্রতি ০৩(তিন) মাসে জেলার ১টি করে নদী পরিষ্কারকরণের উদ্যোগ গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। | ক) নদীর জমি ব্যক্তির নামে রেকর্ড হয়ে থাকলে তা রেকর্ড সংশোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>খ) প্রতি ০৩(তিন) মাসে জেলার ১টি করে নদী পরিষ্কার করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক) জেলা প্রশাসক (সকল), রংপুর বিভাগ, রংপুর; জোনাল সেটেলমেন্ট অফিসার, রংপুর/দিনাজপুর ও নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, রংপুর।<br><br>খ) জেলা প্রশাসক (সকল), রংপুর বিভাগ, রংপুর/নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, রংপুর। |

পরিশেষে উন্মুক্ত আলোচনায় সদস্যগণের মতামত/বক্তব্যের আহ্বান করা হয়। কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৫/০৭/২০২৬ খ্রি:
মোঃ শহিদুল ইসলাম এনডিসি
বিভাগীয় কমিশনার
রংপুর বিভাগ, রংপুর।
ফোন: ০২৫৮৮৮১২০০১ (অফিস)
ইমেইল:divcomrangpur@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৭.০০০০.০০৮.১০.০১১.২৪.২৯৪(২১)

তারিখঃ ২২ আষাঢ়, ১৪৩৩ / ০৬ জুলাই, ২০২৬ ।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন, হোসাইন টাওয়ার(১২তলা),বীর প্রতীক গাজী গোলাম দস্তগীর রোড, ১১৬, নয়া পল্টন, ঢাকা
৩। উপ-মহা পুলিশ পরিদর্শক, রংপুর রেঞ্জ, রংপুর
৪। পুলিশ কমিশনার, রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর
৫। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর
৬। জেলা প্রশাসক (সকল), রংপুর বিভাগ, রংপুর
৭। ড. তুহিন ওয়াদুদ, অধ্যাপক, বাংলা বিভাগ, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় ও সমন্বয়ক চাকিরপশার সুরক্ষা কমিটি, রিভারাইন পিপল এবং গণকমিটি
৮। জোনাল সেটেলমেন্ট অফিসার, রংপুর/ দিনাজপুর
৯। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন, রংপুর
১০। প্রধান প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, রংপুর বিভাগ, রংপুর
১১। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রংপুর বিভাগ, রংপুর
১২। প্রশাসক, পৌরসভা (সকল), রংপুর বিভাগ, রংপুর
১৩। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, রংপুর বিভাগ, রংপুর
১৪। বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, রংপুর
১৫। সভাপতি, রংপুর প্রেসক্লাব, রংপুর
১৬। সিনিয়র সহকারী কমিশনার, আইসিটি শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৭। অফিস কপি।

৬/৭/২৬
মৌসুমী আফরিদা
উপসচিব

CamScanner